স্মারক নং- ২৫৮

তারিখ - ২৭/০৪/২০২৬

বরাবর

বিজ্ঞ মুখ্য মহানগর হাকিম
মহানগর আদালত
ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ মামলা তদন্তের সময়সীমা ৩০(ত্রিশ) দিন বৃদ্ধির আবেদন।

সূত্র: ডিএমপি এর আদাবর থানার এফআইআর নং-১৬, তারিখ- ৩০-১২-২০২৫; জি আর নং-২৩০/২০২৫, ধারা- সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫ এর ২৫(৩)(১)/২৭।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) মোঃ জাহাঙ্গীর আলম সূত্রে বর্ণিত মামলার ২য় তদন্তকারী কর্মকর্তা। সূত্রে বর্ণিত মামলার অজ্ঞাতনামা আসামী/আসামীরা গত ২১/১২/২০২৫ খ্রিঃ তারিখ আনুমানিক ১৪:০০ ঘটিকা হতে ২৬/১২/২০২৫ খ্রিঃ তারিখ আনুমানিক ২০:৩০ ঘটিকার মধ্যে বাদীর স্ত্রী ও বাদীর মেয়ে ভিকটিম আফরা মাহজাবিন চৌধুরী (১৭) এর বান্ধবীদের মায়েদের ফেসবুক মেসেঞ্জারের মাধ্যমে মামলার ভিকটিম আফরা মাহজাবিন চৌধুরী (১৭) এর আপত্তিকর ছবি ও ভিডিও প্রেরণ করে। পরবর্তীতে উক্ত ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেওয়ার ভয় প্রদর্শনপূর্বক ব্ল্যাকমেইল করে অর্থ আদায়ের চেষ্টা করে আসছে। এর ফলে বাদীর মেয়ে ভিকটিম আফরা মাহজাবিন চৌধুরী (১৭) ও তার পরিবারের সামাজিক মর্যাদা মারাত্মকভাবে ক্ষুণ্ন হচ্ছে। বাদীর দায়েরকৃত এজাহারের প্রেক্ষিতে ৩০-১২-২০২৫খ্রি. অফিসার ইনচার্জ মহোদয় কর্তৃক সূত্রোক্ত মামলাটি রুজু করে মামলার তদন্তভার এসআই নিরস্ত্র জনাব মোঃ মনিরুজ্জামান, বিপি-৯৪২১২৩৮৫১৫,আদাবর থানা, ডিএমপি এর উপর অর্পণ করেন। পরবর্তীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স, রমনা, ঢাকা এর স্মারক নং- ডিএমপি(স:দ:)/মামলা হস্তান্তর (সিটিটিসি)/১৩-২০২৫/(অংশ-০১)/৫৩৯(৭), তারিখ- ০৭-০১-২০২৬খ্রি. মূলে অত্র মামলার তদন্তভার সিটিটিসিতে ন্যস্ত হওয়ায় আমি ১৩-০১-২০২৬খ্রি. অত্র মামলার তদন্তভার গ্রহণ করি। মামলার তদন্ত কার্যক্রম চলমান রয়েছে এবং আমার নির্ধারিত তদন্তকাল প্রথম ৯০ দিন ১৪-০৪-২০২৬ খ্রিঃ তারিখে শেষ হয়। পরবর্তীতে আমার নিয়ন্ত্রণকারী অফিসার উপ-পুলিশ কমিশনার, সিটি সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগ, সিটিটিসি, ডিএমপি, ঢাকা বরাবর আবেদন এর প্রেক্ষিতে মহোদয় ১৫ দিন সময় বৃদ্ধি অনুমোদন করেন। অতিরিক্ত ১৫ দিন তদন্তকাল ২৯-০৪-২০২৬খ্রি. শেষ হইবে।

তদন্ত কার্যক্রমে ইতোমধ্যে প্রয়োজনীয় ডিজিটাল সাক্ষ্য-প্রমাণ সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তবে আসামী বা আসামীদের ব্যবহৃত ফেসবুক আইডি/মেসেঞ্জার অ্যাকাউন্টসমূহ ভুয়া/ছদ্মনামীয় হওয়া, আইপি অ্যাড্রেস গোপন রাখার জন্য বিভিন্ন প্রযুক্তি (যেমন VPN/প্রক্সি সার্ভার) ব্যবহারের সম্ভাবনা থাকা এবং সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে প্রয়োজনীয় তথ্যাদি অদ্যাবধি প্রাপ্ত না হওয়ায় আসামী/আসামীদের সুনির্দিষ্টভাবে শনাক্তপূর্বক গ্রেফতার করে বিজ্ঞ আদালতে প্রেরন করা সম্ভব হয়নি। এমতাবস্থায় মামলার সুষ্ঠু ও পূর্ণাঙ্গ তদন্ত সম্পন্নের স্বার্থে তদন্তের সময়সীমা অতিরিক্ত ৩০ (ত্রিশ) দিন বৃদ্ধি করা একান্ত প্রয়োজন।

অতএব, মহোদয়ের নিকট প্রার্থণা যাতে সূত্রোক্ত মামলার তদন্তের সময়সীমা অতিরিক্ত ৩০ (ত্রিশ) দিন বৃদ্ধি করার আদেশ দানে মহোদয়ের সদয় মর্জি হয়।

বিনীত
২৭.০৪.২০২৬

(মোঃ জাহাঙ্গীর আলম)
বিপি-৮৬১৪১৭২৪১৫
সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র)
সিটি-সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগ,
ডিএমপি, ঢাকা।
মোবাইল:-০১৭৯৪-৮৯৪৫৬৬

অগ্রগামী করা হইল।
২৭/০৪/২০২৬
টিম লিডার
সাইবার টেরোরিজম ইনভেস্টিগেশন টিম
সিটি-সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগ
সিটিটিসি, ডিএমপি, ঢাকা।